

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২২ ফেব্রুয়ারি ২০০৬/১০ ফাল্গুন ১৪১২

এস, আর, ও নং ৩৫-আইন/২০০৬।—বাংলাদেশ হোটেল ও রেস্টোরাঁ অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সালের ৫২ নং অধ্যাদেশ) এর ধারা ২৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ হোটেল ও রেস্টোরাঁ (নিবন্ধন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৯ এর উপ-বিধি (২) এর প্রথম শর্তাংশের পরিবর্তে নিম্নরূপ প্রথম শর্তাংশ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“তবে শর্ত থাকে যে, যদি কোন আবেদনকারী উপ-বিধি (১) এ বর্ণিত সময়সীমার মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হন তবে প্রত্যেক মাস অথবা উহার কোন অংশের জন্য অতিরিক্ত পাঁচশত টাকা পরিশোধ করিবেন এবং এই অতিরিক্ত অর্থসহ নবায়নের মেয়াদ প্রত্যেক ৩১ শে মার্চ পর্যন্ত বহাল থাকিবে, তবে ৩১ শে মার্চের পর সরকার প্রয়োজনবোধে প্রত্যেক মাস বা উহার কোন অংশের জন্য অনূর্দ্ধ এক হাজার টাকা বিলম্ব ফিসসহ নবায়নের সময়সীমা সংশ্লিষ্ট বৎসরে প্রয়োজনানুযায়ী বৃদ্ধির ঘোষণা দিতে পারিবে : ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মুশফিকুর রহমান

যুগ্ম-সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭২১)

মূল্য : টাকা ২.০০